


যুগান্তর

নিয়োগ বাণিজ্য

রাবিতে ভিসি ও প্রোভিসিকে 'লাল কার্ড' দেখালেন শিক্ষার্থীরা

প্রকাশ : ১১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাজশাহী ব্যুরো



নিয়োগ বাণিজ্য,
অনিয়ম ও দুর্নীতির
অভিযোগ এনে
রাজশাহী
বিশ্ববিদ্যালয়ের (রাবি)
ভিসি ও প্রোভিসির
পদত্যাগের দাবি
জানিয়ে 'লাল কার্ড'
দেখিয়ে অবাস্তিত
ঘোষণা করেছেন
আন্দোলনরত
শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার বেলা
১২টায় সৈয়দ নজরুল
ইসলাম প্রশাসন
ভবনের সামনে এ
কর্মসূচি পালন করা
হয়। এর আগে সকাল
১০টায় কেন্দ্রীয়

গ্রন্থাগারের সামনে একই দাবিতে গণস্বাক্ষর কর্মসূচির আয়োজন করেন তারা।

দুর্নীতিবিরোধী শিক্ষক সমাজ পৃথকভাবে বর্তমান প্রশাসনের অপসারণ চেয়ে এদিন ১১টায় শহীদ তাজউদ্দীন সিনেট ভবনের সামনে টানা তৃতীয় দিনের মতো মানববন্ধনের আয়োজন করে। পরে ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে দুর্নীতিবিরোধী শিক্ষক সমাজ।

লাল কার্ড প্রদর্শনী কর্মসূচিতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি রিদম শাহরিয়ারের পরিচালনায় বক্তারা বলেন, এ প্রশাসনের প্রতিটি পর্যায়ে দুর্নীতিতে ভরে গেছে। সাত পুকুর গবেষণা প্রকল্প, ক্যাম্পাস সৌন্দর্যবর্ধনের নামে বিদেশ থেকে ঘাস আমদানি করে ৮৪ লাখ টাকা লোপাট হয়েছে।

শিক্ষক ও কর্মচারী নিয়োগ বাণিজ্যসহ স্বজনপ্রীতিতে নিমজ্জিত। এটা প্রমাণিত হওয়ার পরও দেশের দ্বিতীয় বৃহত্তম শিক্ষাপ্রতিষ্ঠানে ভিসি ও প্রোভিসি পদে বহাল রয়েছে কিভাবে এটা আমাদের বোধগম্য নয়। এভাবে শিক্ষা ও দুর্নীতি একসঙ্গে চলতে পারে না। তাই আমরা বর্তমান দুর্নীতিবাজ প্রশাসনকে লালকার্ডের মাধ্যমে এ ক্যাম্পাস থেকে অবাস্তিত ঘোষণা করছি।

বক্তারা ভিসি, প্রোভিসি অপসারণ না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে বলে জানান। রোববার বিক্লেভ মিছিলের ডাক দিয়েছেন দুর্নীতিবিরোধী শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের গণস্বাক্ষর কর্মসূচিতে দুর্নীতিবিরোধী শিক্ষক সমাজ স্বাক্ষর করে সংহতি জানায়।

রাবি দুর্নীতিবিরোধী শিক্ষক সমাজের ব্যানারে মানববন্ধনে শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক সুলতানুল ইসলাম টিপু নেতৃত্বে অংশ নেন- আইন অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ, সাবেক ডিন অধ্যাপক মামুনুর রশীদ তালুকদার, বিজ্ঞান অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. হাবীবুর রহমান, অধ্যাপক শাহরিয়ার হোসেন, সাবেক ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মিজানুর রহমান, সঙ্গীত বিভাগের সাবেক সভাপতি অমিত রায়সহ শতাধিক শিক্ষক।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সভাপতি অধ্যাপক একরাম উল্লাহ বলেন, দুর্নীতিমুক্ত বিশ্ববিদ্যালয় চাই। যে কেউ ভিসি হোক সেটা বিষয় নয়। বর্তমান প্রশাসনের দুর্নীতি ও স্বজনপ্রীতির প্রমাণ মিলেছে এবং সবার কাছে স্পষ্ট, সুতরাং তাদের অপসারণ না হওয়া পর্যন্ত আন্দোলন চলতে থাকবে।

দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা, শিক্ষাঙ্গনে দুর্নীতি ও সন্ত্রাসমুক্ত পরিবেশ সৃষ্টি এবং বুয়েট ছাত্র আবরার হত্যার সুষ্ঠু বিচারের দাবিতে মানববন্ধন করেছে রাবি জাতীয়তাবাদী শিক্ষক ফোরাম। বৃহস্পতিবার শহীদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনের সামনে এ কর্মসূচি পালন করা হয়।

ফোরামের সহসভাপতি মামুনুর রশিদের পরিচালনায় বক্তারা বলেন, আবরারের মৃত্যু শুধু মৃত্যু নয় বরং এটি জাতিসত্তার মৃত্যু। বক্তারা আরও বলেন, বর্তমান রাবি দুর্নীতিতে ছেয়ে গেছে। নিয়োগ বাণিজ্যের যে অডিও ফাঁস হয়েছে এতেই প্রমাণ হয় শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানসহ সব জায়গায় আর্থিক লেনদেনের মাধ্যমে নিয়োগ হয়।

এ সময় বক্তব্য দেন- সাদা দলের ভারপ্রাপ্ত আহ্বায়ক অধ্যাপক ড. এনামুল হক, শিক্ষক সমিতির সভাপতি ড. সাইফুল ইসলাম ফারুকী, শিক্ষক সমিতির সাবেক সভাপতি ড. আমজাদ হোসেন, ড. শামসুল আলম সরকার, ড. কেবিএম মাহবুবুর রহমান, ড. রেজাউল করিম প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।